দৈনিক সংবাদ

তারিখ 25 JUN 1998
পৃষ্ঠা ৭ কলাম ৭

সংসদে পরিসংখ্যান

# বাংলাদেশে বেকারের সংখ্যা ৮৩ লাখ

(সংসদ বার্তা পরিবেশক)

বর্তমানে বাংলাদেশে বেকারের সংখ্যা ৮৩ লাখ ৬০ হাজার। পরিকল্পনা প্রতিমন্ত্রী ডঃ মহিউদ্দিন খান আলমগীর গতকাল বুধবার জাতীয় সংসদে বিএনপি'র সাংসদ মেজর (অবঃ) আখতারুজ্জামানের এক প্রশ্নের জবাবে একথা জানিয়েছেন।

প্রতিমন্ত্রী জানান, বেকারদের মধ্যে ৪৬ লাখ ৪৪ হাজার এসএসসি'র নিচে, ২১ লাখ ১৯ হাজার এসএসসি পাস, ১৩ লাখ ৩৫ হাজার এইচএসসি পাস, ১৯ লাখ ১৩

বেকার ঃ পৃঃ ৭ কঃ ৫

## বেকার ঃ সংখ্যা

( ১ম পৃষ্ঠার পর )

হাজার স্নাতক পাস, ২৬ হাজার স্নাতকোত্তর, ৫ হাজার ডাক্তার, ৫ হাজার কারিগরি প্রকৌশলী, ১০ হাজার ডিপ্লোমা প্রকৌশলী এবং ৪ হাজার স্নাতকোত্তরের উর্ধ্বের শিক্ষাগত যোগ্যতাসম্পন্ন।

## '৯৮–৯৯ অর্থবছরে পুলিশ বিভাগে ৩২৮৯ জন নিয়োগ

আগামী জুলাই মাস হতে শুরু হওয়া '৯৮–৯৯ অর্থবছরে পুলিশ বিভাগে অফিসার ও কনস্টেবল পদে মোট ৩ হাজার ২শ' ৮৯ জন লোক নিয়োগ করা হবে। আওয়ামী লীগের সাংসদ শামসুর রহমান শরিফের এক প্রশ্নের জবাবে স্বরাষ্ট্রমন্ত্রী মেজর (অবঃ) রফিকুল ইসলাম একথা জানিয়েছেন। স্বরাষ্ট্রমন্ত্রী জানান, এসব পদের মধ্যে এএসপি ৫৬ জন, এসআই (পুরুষ) ২শ' ২৭ জন, এসআই (মহিলা) ৪৫ জন, সার্জেন্ট ৩শ' ৯১ এবং কনস্টেবল ২ হাজার ৫শ' ৭০ জন।

স্বরাষ্ট্রমন্ত্রী আরো জানান, এছাড়াও ১০ হাজার পুলিশ কর্মকর্তা–কর্মচারীর পদ সৃষ্টির প্রস্তাব সরকারের সক্রিয় বিবেচনাধীন রয়েছে।

## ঢাকা মহানগরীতে হাইড্রলিক হর্ন ঃ দেড় বছরে মামলা ১ হাজার ১শ' ৩৭

দেশে উচ্চ শব্দ সৃষ্টিকারী যন্ত্র হাইড্রলিক হর্নের ব্যবহার নিষিদ্ধ এবং অপরাধ। ঢাকা মহানগরীতে হাইড্রলিক হর্ন ব্যবহারের অভিযোগে '৯৭ সালে ৮শ' ৮৮টি এবং এ বছর ৩১শে মে পর্যন্ত ২শ' ৪৯টিসহ মোট ১ হাজার ১শ' ৩৭টি মামলা দায়ের করা হয়েছে। আওয়ামী লীগের সাংসদ মেহের আফরোজের এক প্রশ্নের জবাবে স্বরাষ্ট্রমন্ত্রী মেজর (অবঃ) রফিকুল ইসলাম এ কথা জানিয়েছেন।

## রোহিঙ্গা শরণার্থী ২১ হাজার ৬শ' ৬১ জন

পররাষ্ট্রমন্ত্রী আবদুস সামাদ আজাদ জানিয়েছেন, বর্তমানে দেশে মায়ানমার থেকে আসা রোহিঙ্গা শরণার্থীর সংখ্যা ২১ হাজার ৬শ' ৬১ জন। জাতীয় পার্টির সাংসদ জিনাত হোসেনের এক প্রশ্নের জবাবে তিনি একথা জানিয়েছেন।

পররাষ্ট্রমন্ত্রী জানান, মায়ানমার সরকার বাংলাদেশে আশ্রয়গ্রহণকারী সকল মায়ানমার অধিবাসীকে সেদেশে ফিরিয়ে নিতে সম্মত আছে। এ উদ্দেশ্যে মায়ানমার সরকার গত ১৫ই আগস্ট '৯৭ পর্যন্ত মায়ানমার ভূখণ্ডে শরণার্থী কেন্দ্র খুলে রেখেছিল; কিন্তু শরণার্থী শিবিরগুলোতে কতিপয় উচ্ছৃংখল শরণার্থীর প্রতিবন্ধকতার কারণে সেসময় প্রত্যাবাসন কাজ স্থগিত হয়ে যায়। বর্তমানে বাংলাদেশের দু'টি শিবিরে মোট ২১ হাজার ৬শ' ৬১ জন রোহিঙ্গা শরণার্থী রয়েছে। এর মধ্যে মায়ানমার ৭ হাজার ১শ' ৩৪ জনকে প্রত্যাবাসনের জন্য ছাড়পত্র দিয়েছে। আশা করা যাচ্ছে যে, অচিরেই বাংলাদেশ হতে মায়ানমারে শরণার্থীদের স্বেচ্ছা প্রত্যাবাসন শুরু হবে।